


(৫)

গোপালচাঁদের মধুর বাক্য, যার হৃদয়ে আছে ঐক্য,
তার অসল নাহি রয় হে ।
বিপিন লম্পট, খুলিয়ে কপট, হরিচাঁদে প্রেমে মেতে রও হে ॥
—বিপিন



৭ নং

তাল—কাওয়ালী

রাগ—দেশ

দয়াল গুরুচাঁদ রে এস মোর ভাঙ্গা মন্দিরে ।

ভেঙ্গেছে এ সাধের মন্দির শত শত অত্যাচারে ॥

- ১। প্রাতে কিম্বা সন্ধ্যাকালে, অ ঘরে প্রদীপ জলে রে,
হয় না ধূপ পোড়ান, নাম গান, প্রেম চন্দনে ছড়া রে ॥
- ২। ষড়রিপু কাম ক্রোধ তারা বাঁধায় ঘরে ঘোর বিবাদ রে,
পূজার আসবাবপত্রে, সব একত্রে ভেঙ্গে ফেলেছে দূরে ॥
- ৩। মন্দির কিংবা আসবাব যত, সব'ত তোমার হস্তগত রে,
(তাই) আবার গড়ে' দয়া করে, পাত' তোমার আসন রে ॥
- ৪। আপনি পূজারী হ'য়ো হরিনাম মন্ত্র সেথা গাহিও রে,
করে স্নাত পুত, সুবাসিত, প্রেম চন্দন ছড়ায়ো রে ॥
- ৫। ডেকে বলে মহানন্দ, জগারে তোর কৰ্ম মন্দ রে ।
ঘরে কিসে পাবি গুরুচন্দ্র, গোপালচাঁদের চরণ ছেড়ে ॥

—জগবন্ধু মিশ্র

